-২০৫-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩)( প্রথম কোয়ার্টার)**

সভাপতি : জনাব মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
তারিখ : ১২-০৯-২০২৩
সময় : দুপুর ১২.৩০ ঘটিকা
সভার স্থান : বিএমডির সভা কক্ষ
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উল্লেখ করেন যে, বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদান করে সুতরাং বিএমডি কর্তৃক প্রদেয় সেবাসমূহের প্রয়োজনীয় তথ্য যথাযথভাবে জানাতে সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেনস চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রমের ক্ষেত্র ০২ টি যথা: প্রাতিষ্ঠানিক কার্যক্রম এবং বাস্তবায়ন সক্ষমতা উন্নয়ন। প্রাতিষ্ঠানিক কার্যক্রমের আওতায় ১.১ কার্যক্রমে ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নির্দেশনা রয়েছে এবং ১.২ কার্যক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন করতে বলা হয়েছে। তবে আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করতে বলা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতি ০৭ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে হালনাগাদ করে ওয়েবসাইটের সেবা বক্সে আপলোড করা হয়েছে। সভাপতি সিটিজেন চার্টারে উল্লেখিত সময়সীমা ও প্রক্রিয়া অনুসরণপূর্বক সেবাপ্রত্যাশীদেরকে সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। অত:পর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. নং | কার্যক্রম/আলোচনা | অগ্রগতি এবং সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডাগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | বিএমডির যেহেতু আওতাধীন দপ্তর/সংস্থা নেই তাই ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে স্টেকহোল্ডাগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়। অবহিতকরণ সভায় গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২. | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে (আওতাধীন দপ্তর/সংস্থা সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন। আওতাধীন দপ্তর সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদ | বিএমডির আওতাধীন দপ্তর/সংস্থা নেই। আওতাধীন দপ্তর সংস্থা না থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন এই কোয়ার্টার শেষ হলে অক্টোবরের ১৫ তারিখের মধ্যে উর্ধ্বতন অফিসে পেরণ করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | প্রণয়ন। | | |
| | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিএমডির কর্মকর্তা/কর্মচারীদের জন্য দ্বিতীয় কোয়াটারে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সম্পন্ন করা হয়।

১৪/৯/২০২৩

(মোঃ আবুল বাসার সিদ্দিক আকন)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ২২২২২৬১৯৪
ই-মেইল : director@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২ (অংশ-৭) .৭২৩

তারিখ : ৩০ ভাদ্র ১৪৩০ / ১৪ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২. উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৩.উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৪. সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা;
৫. পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা;
৬. অফিস কপি।

১৪/০৯/২০২৩

(মোসাঃ মাহবুবা খাতুন)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)